

বাংলা — সাম্মানিক

প্রথম পত্র

পূর্ণমান - ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

(উত্তরের শব্দসংখ্যা নতুন পাঠক্রম অনুসারে মান্য করতে হবে।)

(বাংলা সাহিত্যের ইতিহাস)

১। (ক) বড় চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের পুঁথি কে, কবে, কোথা থেকে আবিষ্কার করেন?
চণ্ডীদাস-সমস্যার উল্লেখ করে কাব্যটির সাহিত্যমূল্য বিচার করো।

১+১+১+৩+৯

অথবা

(খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে প্রধান অনুবাদ ধারাগুলির নাম উল্লেখ করো। বাংলা মহাভারতের
শ্রেষ্ঠ অনুবাদকের আবির্ভাব কাল ও পরিচয় সংক্ষেপে নির্দেশ করে তাঁর কাব্যের বিশিষ্টতা সম্পর্কে আলোচনা
করো।

২+২+৩+৮

২। যে-কোনো দুটি গ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় দাও :—

৫×২

চৈতন্যভাগবত, বিদ্যাসুন্দর, শ্রীকৃষ্ণবিজয়, পদ্মাবতী, শিবায়ন।

৩। (ক) বাংলা গদ্যের ইতিহাসে রামমোহন রায়ের কৃতিত্ব বিষয়ে আলোকপাত করো।

১৫

অথবা

(খ) আধুনিক বাংলা কাব্যের ইতিহাসে কবি বিষ্ণু দে অথবা প্রেমেন্দ্র মিত্র-এর মূল্যায়ন করো।

১৫

৪। সংক্ষিপ্ত টীকা লেখো (যে-কোনো দুটি) :

৫×২

সংবাদ প্রভাকর, সবুজ পত্র, ভারতবর্ষীয় উপাসক সম্প্রদায়, পলাশীর যুদ্ধ, পদাতিক।

৫। (ক) বাংলা ঐতিহাসিক নাটক রচনার ধারায় নাট্যকার দ্বিজেন্দ্রলাল রায়ের কৃতিত্ব আলোচনা
করো।

১৫

অথবা

(খ) বাংলা ছোটগল্পের ধারায় জগদীশ গুপ্তের গুরুত্ব বিচার করো।

১৫

৬। সংক্ষিপ্ত টীকা লেখো (যে-কোনো দুটি) :

৫×২

রক্তকরবী, পথের দাবী, অশনিসঙ্কেত, হাঁসুলীবাঁকের উপকথা, কৃষ্ণকুমারী।

2

(বাংলা ভাষার ইতিহাস)

৭। (ক) প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে মধ্যভারতীয় আর্যভাষার বিবর্তন কীভাবে হয়েছে
আলোচনা করো।

১৫

অথবা

(খ) বাংলা ব্যঞ্জনবর্ণগুলির উচ্চারণস্থান ও উচ্চারণের প্রকৃতি সম্বন্ধে আলোচনা করো।

১৫

৮। (ক) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করো (যে-কোনো দুটি) :

৫×২

মধ্য স্বরাগম, সমীভবন, শব্দদ্বৈত, সংকর শব্দ, অপিনিহিতি।

অথবা

(খ) ভাষাতাত্ত্বিক টীকা লেখো (যে-কোনো পাঁচটি) :

২×৫

ইঁদারা, ঝি, আস্তাবল, মোকদ্দমা, গবাক্ষ, মাছ, গিনি, হাত, সাঁঝ, পিসি।